# এইচ এস সি ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ০ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | মান — ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ তৃতীয় খলিফা হযরত উসমান (রা.) এর খিলাফতের সময়ে কুরআন তিলাওয়াতের ভিন্নতা পরিলক্ষিত হয়। জনৈক সাহাবী বিষয়টি হযরত উসমান (রা.)কে অবহিত করেন। হযরত উসমান (রা.) বিষয়টি গুরুত্বের সাথে গ্রহণ করেন এবং যায়িদ ইবন সাবিতের নেতৃত্বে একটি কুরআন সংকলন পরিষদ গঠন করেন। তিনি কতগুলো মূলনীতির ভিত্তিতে পবিত্র কুরআনের পুন:সংকলন করেন। পরবর্তী সময়ে হাজ্জা বিন ইউসুফ (র.) হরকত সংযোজন করেন।

ক. কুরআন পাঠের ভিন্নতা সম্পর্কে উসমান (রা.)কে অবহিত করেন? ১

খ. 'কুরআন মুত্তাকীদের জন্য পথ প্রদর্শক'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত খলিফার গঠিত কমিটি কী পদ্ধতিতে কুরআন সংকলন করেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকে উল্লিখিত খলিফার গৃহীত পদক্ষেপটি ছিল যুগান্তকারী'— মূল্যায়ন কর। ৪

teachingbd24.com

২.▶ জনাব মাহবুব একসময় খুব দরিদ্র ছিলেন। তিনি দারিদ্র থেকে মুক্ত হওয়ার জন্য সর্বদা চেষ্টা করছিলেন। এক সময় আল্লরাহতায়ালা তাকে প্রচুর ধনসম্পদ দিলেন। এমতাবস্থায় স্থানীয় মসজিদের ইমাম সাহেব তাকে ডেকে বললেন, আল্লাহ তোমাকে অনেক নিয়ামত দান করেছেন। যাকাত আদায়ের মাধ্যমে এর কৃতজ্ঞতা প্রকাশ কর। কিন্তু সে তা আদায়ে অস্বীকৃতি জানালেন। কিছুদিন পর তার সন্তান এক দূরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হলে জনাব মাহবুব তার সম্পদ সন্তানের চিকিৎসায় ব্যয় করে নি:স্ব হয়ে গেলেন। ইমাম সাহেব তাকে উদ্দেশ্য করে বললেন, তুমি তো সে জাতির ন্যায় যারা আসমানী খাবার পেয়েও অকৃতজ্ঞ হয়েছিলেন।

ক. কার বিরুদ্ধে ইয়ামামার যুদ্ধ সংগঠিত হয়েছিল? ১

খ. হযরত আবু বকর (রা.)কে কেন ইসলামের ত্রাণকর্তা বলা হয়? ২

গ. জনাব মাহবুবের আচরণ কোন জাতির আচরণের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব মাহবুবের এরূপ পরিণতির জন্য তিনি নিজে দায়ী? উক্তিটি অকৃতজ্ঞজাতির পরিণতির আলোকে বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৩.▶ একদিন দ্বাদশ শ্রেণির ক্লাশে ইসলাম শিক্ষা বিষয়ের শিক্ষক হাদিস সংকলনের ইতিহাস আলোচনা করতে গিয়ে বলেন, উমাইয়া খলিফা উমর ইবন আবদুল আযিয শুধু একজন শাসকই ছিলেন না। হাদিস সংকলনের ইতিহাসে তার তাঁর অবদান অবিস্মরণীয়। শিক্ষক বক্তব্যের শেষে আরও বলেন, হাদিস সংকলনের তার কার্যকর উদ্যোগ ও পদক্ষেপ পরবর্তী সময়ে হাদিস সংকলনের স্বর্ণযুগ রচনা করেছিল।

ক. কাদের বক্তব্যকে 'আছার' বলা হয়? ১

খ. হাদিস শাস্ত্রে কোন ধরনের গ্রন্থকে 'সহিহ' বলা হয়? ২

গ. উমর ইবন আবদুল আযিয কেন হাদিস সংকলনে উদ্যোগী হলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. "হাদিস সংকলনে তার কার্যকর উদ্যোগ ও পদক্ষেপ পরবর্তী সময়ে হাদিস সংকলনের স্বর্ণযুগ রচনা করছিল"—উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪.▶ জনাব শফিকুর রহমান শিক্ষিত মানুষ হয়েও চাষাবাদ করেন, ফসল ফলান, গাছপালা রোপন করেন। তিনি একজন সফল কৃষক। শিক্ষিত হয়েও এসব কাজের কারণে অনেকে তাকে লজ্জা দিতে চাইলে তিনি বলেন, আমি একজন মুসলমান আর একজন মুসলমানের মহান উদ্দেশ্য হচ্ছে সৃষ্টির উপকার করা।

ক. তাকরিরি হাদিস মানে কী? ১

খ. হিজরী তৃতীয় শতাব্দীকে হাদিস চর্চার স্বর্ণযুগ বলা হয় কেন? ২

গ. হাদিসের আলোকে জনাব শফিকের এরূপ কাজ কী হিসেবে বিবেচিত হবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব শফিকের বক্তব্যের আলোকে বৃক্ষ রোপণের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

৫.▶ মহানবি (স.) এর ইনতিকালের পর হযরত আবু বকর (রা.) যখন খলিফা হিসেবে দায়িত্বপ্রাপ্ত হলেন, তখন কিছু সংখ্যক ভন্ড নবীর আবির্ভাব হলো। কেউ কেউ ইসলাম ত্যাগ করল। আবার অনেকে যাকাত দিতে অস্বীকার করল। হযরত আবু বকর (রা.) যাকাত অস্বীকারকারীদের বিরুদ্ধে যুদ্ধ করার সিদ্ধান্ত নিলে অধিকাংশ সাহাবী একমত হলেন। তবে কিছু সংখ্যক সাহাবী নীরব রইলেন।

ক. 'আযিমত' শব্দের অর্থ কী? ১

খ. রুখসাত বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে ঘটনা ইসলামি শরিয়তের কোন উৎসকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

Teachingbd24.com

ঘ. উদ্দীপকে সর্বশেষে যে বক্তব্য উল্লেখ করা হয়েছে তা দ্বারা যে ইজমাকে নির্দেশ করে তা গ্রহণযোগ্য হওয়ার ব্যাপারে হানাফীদের মতামত বিশ্লেষণ কর। ৪

৬. ▶ আজাদ সমাজ জীবনের এমন কিছু সমস্যা নিয়ে আকরামের সাথে আলোচনা করছিল। যার সমাধান কুরআন ও হাদিসে নেই এমনকি ইজমা দ্বারাও এর সমাধান প্রতিষ্ঠিত নয়। তার এ সমস্যা সমাধানে একজন আলিমের শরণাপন্ন হলে তিনি বলেন, ইসলাম একটি গতিশীল জীবন ব্যবস্থা। যে কোন সমস্যার সমাধান ইসলামি শরিয়তে রয়েছে।

ক. 'ইল্লাত' শব্দের অর্থ কী? ১

খ. আহলে ইজমা বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উদ্ভূত পরিস্থিতিতে আজাদ ও আকরামের করণীয় ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উদ্ভূত পরিস্থিতিতে শরিয়তের কোন উৎসের প্রয়োগ করা হয়ে থাকে তার আলোকে প্রমাণ কর যে, ইসলাম একটি গতিশীল জীবন ব্যবস্থা। ৪

৭. ▶ ইসলাম শিক্ষা বিষয়ের শিক্ষক শ্রেণিকক্ষে তার শিক্ষার্থীদে নিকট একজন প্রসিদ্ধ ফিকহবিদ সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন, পৃথিবীর অধিকাংশ মুসলিম দেশের সর্বাধিক সংখ্যক মুসলমান এ ফিকহবিদ এর মতাদর্শের অনুসারী। কারণ তার উদ্ভাবিত ফিকহের মাসআলা অধিকতর গ্রহণযোগ্য ছিল। এরূপ একজন প্রখ্যাত ব্যক্তির জীবনাবসান হয়েছিল আব্বাসীয় শাসক আল মনসুরের প্রয়োগকৃত বিষক্রিয়ার মাধ্যমে।

ক. 'মাযহাব' অর্থ কী? ১

খ. ফিকহ শাস্ত্র বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে কোন মাযহাবকে বুঝানো হয়েছে? এ মাযহাবের জনপ্রিয়তা অর্জনের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. শিক্ষকের আলোচিত প্রসিদ্ধ ফিকহবিদ এর জীবন ও কর্ম মূল্যায়ন কর। ৪

৮. ▶ হাসিব সাহেব একজন ধনীলোক। তিনি যাকাত প্রদান করেন না। তার ধারণা যাকাত দিলে সম্পদ কমে যায়। একথা শুনে মসজিদের ইমাম সাহেব বললেন, যাকাত প্রদানে সম্পদ কমে না। বরং বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাছাড়া যাকাত ধনী ও গরিবের মধ্যে বৈষম্য দূর করে।

ক. 'সাওম' শব্দের অর্থ কী? ১

খ. 'যাকাত সম্পদ পবিত্র করে'—বুঝিয়ে লেখ। ২

গ. হাসিব সাহেবের মনোভাব ইসলামি শরিয়তের আলোক ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত ইমাম সাহেবের সর্বশেষ উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

৯.▶ আনিছ একজন দ্বিমুখী চরিত্রের লোক। তিনি সবসময় মুখে একরকম কথা বলেন কিন্তু অন্তরে অন্য ধারণা পোষণ করেন। নিজের প্রয়োজনে তিনি প্রায়ই মিথ্যা কথা বলেন। লোক দেখানোর জন্য তিনি নামায আদায় করেন প্রায়ই তিনি অন্যকে ধোকা দেয়ার জন্য প্রতারণার আশ্রয় নেন।

ক. 'কুরআন' শব্দের অর্থ কী? ১

খ. 'কুরআন মুত্তাকীদের জন্য পথ প্রদর্শক'—ব্যাখ্যা কর। ২

গ. আল কুরআনের ভাষায় আনিছকে কী নামে অভিহিত করা যায়? সূরা বাকারার দ্বিতীয় রুকুর আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. আনিসের পরিণতি সূরা বাকারার সংশ্লিষ্ট আয়াতের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০.▶ ব্যবসায়ী কাসেম সাহেব ব্যবসা বাণিজ্যে সততা অবলম্বন করেন। তিনি সঠিক ওজনে মানুষের নিকট পণ্যদ্রব্য বিক্রি করেন। ক্রেতার নিকট পণ্যের দোষত্রুটি গোপন করেন না। পক্ষান্তরে তার বন্ধু আলম মানুষের সাথে খারাপ আচরণ করেন, অশ্লীল কথাবার্তা বলেন। তার অশ্লীল আচরণের জন্য লোকজন তাকে পরিহার করে চলেন।

ক. 'সনদ' কাকে বলে? ১

খ. সহীহ সিত্তাহ বলতে কী বুঝায়? ২

গ. কাসেম সাহেবের কর্মকাণ্ডের পরকালীন জীবনের প্রতিফলন হাদিসের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. আলমের কর্মকাণ্ড তোমার পাঠ্য বইয়ের কোন হাদিসের প্রতিফলন ঘটেছে? বিশ্লেষণ কর। ৪

১১.▶ আবদুল কাদের সাহেব প্রতিবছর ঈদুল আযহার সময় মহাসমারোহে কুরবানী করেন। অনেক দাম দিয়ে বাজারের সেরা গরুটিই তিনি কিনে থাকেন। এ ব্যাপারে তার আড়ম্বর এতটাই বেশি যে, এলাকার সবার কাছে তিনি কুরবানীর গরু কেনায় সুপরিচিত। তিনি এভাবে কুরবানী দিতে পেরে মনে খুব আনন্দ পান। আল্লাহর সন্তুষ্টি অর্জনের চেয়ে লোক দেখানোতেই যেন তার সকল সুখ।

ক. 'তাসাউফ' এর অর্থ কী? ১

খ. শরীয়ত ও তাসাউফের মধ্যে গভীর সম্পর্ক রয়েছে—বুঝিয়ে লেখ। ২

গ. কাদের সাহেবের মধ্যে ইসলামের কোন দিকটির অভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কী মনে কর কাদের সাহেবের কুরবানী আল্লাহর নিকট কবুল হবে? কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

# ইসলাম শিক্ষা দ্বিতীয় পত্র

বিষয় কোড: ২ ৫ ০

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ★ ওহি গায়রে মাতলু দ্বারা বোঝায়—
ক) কুরআন খ) হাদিস
গ) ইজমা ঘ) কিয়াস

২. ★ সর্বোত্তম নফল ইবাদত কোনটি?
ক) জ্ঞানার্জন খ) হাদিস পাঠ
গ) কুরআন পাঠ
ঘ) তাহাজ্জুদের সালাত আদায়

৩. হাদিস সংকলনের স্বর্ণযুগ কোনটি?
ক) হিজরি ২য় শতক খ) হিজরি ৩য় শতক
গ) হিজরি পঞ্চম শতক ঘ) হিজরি চতুর্থ শতক

৪. ★ সাওম শব্দের অর্থ কী?
ক) দুআ খ) বৃদ্ধি
গ) বিরত থাকা ঘ) সংকল্প করা

৫. ইজমার মাধ্যমে প্রতিষ্ঠিত হয়—
i. নতুন সমস্যার সমাধান
ii. মুজতাহিদগণের ঐকমত্য
iii. নতুন মূলনীতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. জনাব আবিদ একটি সরকারি অফিসে কাজ করতে গিয়ে এমন একটি সমস্যায় পড়লেন, যার সমাধান শরিয়তের ১ম তিনটি উৎসে খুঁজে পাচ্ছেন না। এক্ষেত্রে তাঁর করণীয় হলো—
i. নিজে বিচার বুদ্ধি প্রয়োগ করবেন
ii. পূর্বের কোনো নীতিকে দৃষ্টান্ত হিসেবে গ্রহণ করবেন
iii. আল্লাহর অনুগ্রহ কামনা করবেন
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. ★ কীভাবে ইজমার বৈধতা প্রমাণিত হয়?
ক) কুরআন ও হাদিস দিয়ে
খ) ঐক্যমতের ভিত্তিতে
গ) বিচার বুদ্ধি প্রয়োগ করে
ঘ) যুক্তি প্রমাণ দিয়ে

৮. ওহি শব্দের অর্থ কী?
ক) অবতীর্ণ হওয়া খ) প্রত্যাদেশ
গ) ঘোষণা দেওয়া ঘ) প্রকাশ করা

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও:**
রমজান সাহেব প্রতি রমজান মাসে নিজের সম্পদ হিসেব করে ২.৫% অভাবীদের মাঝে বিলিয়ে দেন। এটি দেখে তাঁর স্ত্রী তাকে বলেন, এত টাকা মানুষকে দিয়ে দিচ্ছ, তোমার সম্পদ কমে যাবে না? তিনি বললেন, এটি আল্লাহর নির্দেশ। এটি দিলে সম্পদ কমে না, বরং বাড়ে।

৯. রমজান সাহেব ইসলামের কোন বিধান পালন করেছেন?
ক) জাকাত খ) খারাজ
গ) উশর ঘ) গনিমত

১০. রমজান সাহেবের এ কাজের ফলে—
i. ফরজ আদায় হবে
ii. সমাজের অর্থনৈতিক বৈষম্য দূর হবে
iii. মনের কার্পণ্য দূর হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. ইল্লত অভিন্ন না হলে কী করা যাবে না?
ক) ইজমা খ) কিয়াস
গ) ইজতিহাদ
ঘ) শরিয়তের মূলনীতির ব্যাখ্যা

১২. ইসলামি আইনতত্ত্বের প্রবর্তক কে?
ক) ইমাম বুখারী (র)
খ) ইমাম আবু ইউসুফ (র)
গ) ইমাম মুহাম্মদ (র) ঘ) ইমাম আবু হানিফা (র)

১৩. ইজমার রুকন হলো—
i. আজিমত ii. রুখসাত
iii. মারাতিবুল ইজমা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ঘ) i, ii ও iii

১৪. জ্ঞানগর্ভ কিতাব পবিত্র কুরআনকে মহান আল্লাহ বর্ণনা করেন মানুষের—
i. রহমতের উৎস হিসেবে
ii. হেদায়াতের উৎস হিসেবে
iii. অভাব মোচনের উৎস হিসেবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও iii খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. ★ ইমাম আবু হানিফা (র) কোথায় জন্মগ্রহণ করেন?
ক) কুফায় খ) বসরায়
গ) সিরিয়ায় ঘ) মদিনায়

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. ইমাম আহমদ ইবনে হাম্বল (র) কার নিকট ফিকহ ও হাদিস শিক্ষা গ্রহণ করেন?
ⓚ ইমাম আবু হানিফা (র) ⓑ ইমাম মালিক (র)
ⓖ ইমাম হাম্মাদ (র) ⓖ ইমাম শাফেয়ি (র)

**নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:**
একটি সেমিনারে জনাব মামুন একটি মাযহাব সম্পর্কে বলেন, এ মাযহাবে মানুষের পার্থিব প্রয়োজনাদি তথা লেনদেন ও আচরণের ক্ষেত্রে গভীর অন্তর্দৃষ্টি প্রদান করা হয়েছে। ইসলামের প্রতিটি বিধানে মানুষের কল্যাণের কথা শুনে শ্রোতারা মুগ্ধ হলো।

১৭. জনাব মামুন কোন মাযহাবের কথা বলেন?
ক হানাফি খ শাফেয়ি
গ মালিকি ঘ হাম্বলি

১৮. উক্ত মাযহাবের ফলে অনুসারীরা জানতে পারবে—
i. পার্থিব জীবনের উদ্ভূত সমস্যার সমাধান সম্পর্কে
ii. ইসতিহসানের নীতি সম্পর্কে
iii. মদিনাবাসীর আমল সম্পর্কে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. ধর্মীয় রাজনৈতিক মাযহাবের অন্তর্ভুক্ত হলো—
i. শিয়া ii. সুন্নি
iii. খারিজি
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও iii
গ ii ঘ i, ii ও iii

২০. জাকাতের খাতগুলো পর্যালোচনা করলে দেখা যায়—
i. সম্পদ পবিত্র হয়ে যায়
ii. ধনী-দরিদ্রের বৈষম্য কমে যায়
iii. সময়ানুবর্তিতা সম্পর্কে সচেতন হওয়া যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২১. ★ আল্লাহ নির্ধারিত খাতে জাকাত দিলে কী হয়?
ক মানুষের চিত্ত জয় করা হয়
খ নেতৃত্বের আসন পাওয়া যায়
গ সমাজে দরিদ্র কমে আসে
ঘ ধনী হওয়া যায়

২২. ★ কোন ইবাদত মানুষকে অশ্লীলতা থেকে বিরত রাখে?
ক সালাত খ জাকাত
গ সাওম ঘ হজ

২৩. ★ সালাতের সামাজিক গুরুত্ব কোনটি?
ক সম্পদের পবিত্রতা অর্জন
খ শাস্তি থেকে মুক্তি
গ পারস্পরিক সম্প্রীতি ঘ তাকওয়া অর্জন

২৪. ইসলামি অর্থব্যবস্থার অন্যতম বৈশিষ্ট্য হচ্ছে—
i. ব্যবসা হালাল, সুদ হারাম
ii. ভারসাম্যহীন বণ্টননীতি iii. অপচয় নিষিদ্ধ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:**
জামিল সাহেব নিয়মিত শরিয়তের বিধি-বিধান মেনে চলেন। ইদানিং তিনি আল্লাহর ধ্যানে মগ্ন হয়ে কিছু সময় অতিবাহিত করেন। তাঁর বন্ধু রফিক তাঁকে বলেন, তুমি এসব করে অযথা সময় নষ্ট করছো কেন?

২৫. জামিল সাহেবের কর্মকাণ্ড কিসের শামিল?
ক তরিকত খ মারেফত
গ হাকিকত ঘ তাসাউফ

২৬. রফিক সাহেবের মন্তব্য—
i. ইসলামের পরিপন্থি
ii. সঠিক iii. সুফিবাদ প্রসারের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. ★ আত্মশুদ্ধি অর্জনের প্রথম পথ কোনটি?
ক শরিয়ত খ তাসাউফ
গ হাকিকত ঘ মারেফত

২৮. ★ নিচের কোন গ্রন্থটি সিহাহ সিত্তার অন্তর্ভুক্ত?
ক মুয়াত্তা খ ইবনে মাজাহ
গ মুসনাদে আহমদ ঘ মিশকাত

২৯. ★ কিয়াসের মূলকথা হলো—
i. পূর্বের সিদ্ধান্ত দৃষ্টান্ত হিসেবে গ্রহণ
ii. পূর্বের নীতি প্রয়োগ
iii. কোনো বিষয়ে ঐকমত্যে পৌছানো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. "যে ব্যক্তি নিজেকে চিনেছে সে তার রবকে চিনেছে" এ বাণী যে বিষয়ের প্রতি ইঙ্গিত করেছে তা হলো—
i. তাসাউফ ii. আখিরাত
iii. আত্মশুদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ |

https://teachingbd24.com